

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
সমবায় শাখা ডেস্ক-১  
www.brdb.gov.bd

জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.০০২.১৮.২৫

তারিখ: ৮ বৈশাখ ১৪২৬

২১ এপ্রিল ২০১৯

বিষয়: মদন ইউসিসিএ লি., নেত্রকোনা এর নৈশপ্রহরী নিয়োগের অনুমোদন সংক্রান্ত।

সূত্র: উপপরিচালক, নেত্রকোনা এর পত্র নং ৮৪১, তারিখঃ ৩১/০৩/২০১৯খি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মদন ইউসিসিএ লি. এর দায়মুক্ত তহবিলের পরিমাণ ১.০৮ লক্ষ টাকা। দায় মুক্ত তহবিলের স্থায়ী আমানত হতে বছরে প্রাপ্ত সুদ ১.৯৮ লক্ষ টাকা পত্রে উল্লেখ করা হয়েছে, যা ব্যাংক নির্ধারিত সুদের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। ২০১৭-১৮ অর্থ বছরে ইউসিসিএ'র কর্মচারী বেতন-ভাতা খাতে মোট আয় ৩.৯৬ লক্ষ টাকা (সেবামূল্য হতে ০.৯০ লক্ষ টাকা+ দায়মুক্ত তহবিলের স্থায়ী আমানতের সুদ হতে ১.৯৮ লক্ষ টাকা+ জোড়াবাড়ির ভাড়া ১.০৮ লক্ষ টাকা) এবং ব্যয় ৭.২০ লক্ষ টাকা। বেতন-ভাতা খাতে অতিরিক্ত ব্যয় হয় (৭.২০-৩.৯৬)=৩.২৪ লক্ষ টাকা। এ বিপুল পরিমাণ অর্থ কোন খাত হতে ব্যয় করা হয়েছে তা জানা প্রয়োজন।

২। বর্ণিত প্রেক্ষাপটে ২০১৭-১৮ অর্থ বছরে মদন ইউসিসিএ লি. এর বিদ্যমান ০৩ জন কর্মচারীর বেতন-ভাতা বাবদ আয় বহির্ভূত ৩.২৪ লক্ষ টাকা কোন খাত থেকে ব্যয় করা হয়েছে তার ব্যাখ্যা এবং নৈশপ্রহরী নিয়োগ বিষয়ে উপপরিচালক, নেত্রকোনা এর সুস্পষ্ট মতামত/ সুপারিশসহ সদর কার্যালয়ের পত্র নং ৭৯৮২, তারিখঃ ১১/১১/২০১৮খি. এর আলোকে পূর্ণাঙ্গ প্রস্তাব পুনরায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



২৩-৪-২০১৯

মোঃ মাহমুদুল হোসাইন খান  
পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, বিআরডিবি, নেত্রকোনা।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.০০২.১৮.২৫/১(২)

তারিখ: ৮ বৈশাখ ১৪২৬

২১ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।



২৩-৪-২০১৯

সুকুমার চন্দ্র দাস  
যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)